দৈনিক ইত্তেফাক

তারিখ ... SEP. 14 1999
পৃষ্ঠা ৯ কলাম ৩

# সীমানা প্রাচীরবিহীন ছাত্রী হোষ্টেল

নড়াইল সংবাদদাতা ॥ প্রকল্প গ্রহণে অদূরদর্শিতা, তড়িঘড়ি প্রকল্প বাস্তবায়নের প্রবণতা নড়াইল সরকারী মহিলা কলেজের নবনির্মিত ছাত্রী-হোষ্টেলটির উপযোগিতা ক্ষুণ্ন করিয়াছে।

প্রকাশ, শিক্ষা মন্ত্রণালয়ের সুবিধা প্রদান বিভাগ নড়াইল সরকারী মহিলা কলেজের জন্য ৬৬ লক্ষ ৪৮ হাজার টাকা ব্যয়ে ত্রিতল হোষ্টেল ভবনটি নির্মাণ করিয়াছে। ইহাতে ৪৮ জন ছাত্রী থাকিবার জন্য ১২টি কক্ষ, ডাইনিং হল, কমন রুম, গেষ্ট রুম, ষ্টোর রুম, সুপারিনটেনডেন্ট রুম, বাবুর্চিদেরসহ মোট ১৩২৫ বর্গ-ফুট পরিসর বিশিষ্ট স্থান রহিয়াছে।

কিন্তু, প্রধান রাস্তার পার্শ্বেই নির্মিত হোষ্টেল ভবনটি চতুর্দিকে কোন প্রাচীর না হওয়ায় হোষ্টেলটির উপযোগিতা বহুলাংশে ক্ষুণ্ন হইয়াছে বলিয়া অভিজ্ঞ মহল মনে করিতেছেন।

অভিজ্ঞ মহল আরও মনে করেন, যেখানে ৬৬ লক্ষ ৪৮ হাজার টাকা ব্যয়ে হোষ্টেল ভবন নির্মাণ করা হইল সেখানে প্রাচীর নির্মাণের জন্য ৫/৬ লক্ষ টাকা ব্যয় করা মোটেই অসঙ্গত বা বাহুল্য ছিল না।

গত ২৮শে আগষ্ট শিক্ষা মন্ত্রী এ এস এইচ কে সাদেক হোষ্টেল ভবনটি উদ্বোধন করেন।

সীমানা প্রাচীরের অত্যাবশ্যকতা উপলব্ধি করিয়া তিনি যথাশীঘ্রসম্ভব সীমানা প্রাচীর নির্মাণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ লইবার আশ্বাস দেন।